গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
আগৈলঝাড়া, বরিশাল
www.agailjhara.barisal.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

# আগৈলঝাড়া উপজেলার আইন শৃঙ্খলা কমিটির জুন ২০২২ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | : মোঃ সাখাওয়াত হোসেন<br>উপজেলা নির্বাহী অফিসার<br>আগৈলঝাড়া, বরিশাল। |
| সভার স্থান | : উপজেলা পরিষদ সভাকক্ষ। |
| তারিখ | : ২২/০৬/২০২২ খ্রি. |
| সভায় উপস্থিত সদস্যবৃন্দ | : সংশ্লিষ্ট নথিতে সংরক্ষিত। |

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয়। কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। সভায় উপস্থিত সদস্যবৃন্দ উপজেলার সার্বিক আইন শৃঙ্খলা বিষয় তুলে ধরে তাদের মতামত ব্যক্ত করেন। বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

**উপজেলায় সংঘটিত অপরাধের বিবরণ:**

| মাস | খুন | ধর্ষণ | চুরি/ ডাকাতি/ দস্যুতা | মাদক | অগ্নি সংযোগ | অপহরণ | এসিড নিক্ষেপ | নারী ও শিশু নির্যাতন | জঙ্গি তৎপরতা | আইন-শৃঙ্খলা বিঘ্নকারী অপরাধ/ অন্যান্য | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| মে/২২ | -- | -- | -- | ৩ | -- | ১ | -- | ১ | -- | -- | ৫ |
| এপ্রিল/২০ | -- | -- | -- | ৩ | -- | -- | -- | ২ | -- | -- | ৫ |
| মে/২১ | ১ | ১ | -- | ৩ | -- | ১ | -- | -- | -- | ৬ | ১২ |

| ক্রম | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১. | **সার্বিক আইন শৃঙ্খলা সংক্রান্ত** : আগৈলঝাড়া থানার অফিসার ইনচার্জ(তদন্ত) সভায় জানান যে, উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক আছে। তিনি আরো জানান যে, কিছু অপ্রাপ্ত বয়স্ক মেয়েরা অভিভাবকদের না জানিয়ে চলে যাওয়ার প্রবনতা ইদানিং বৃদ্ধি পাচ্ছে। এছাড়া আগৈলঝাড়া বাজারের ব্রীজ ও রাস্তার পাশে গরীব কিছু ব্যবসায়ী অস্থায়ীভাবে ব্যবসা করছে। তাদের বসার ব্যবস্থা করা প্রয়োজন সরকারি গৈলা মডেল মাধ্যমিক বিদ্যালয়ের পাশে স্ব-মিলের গাছ রাখা হয়েছে, যার উপর বসে কিছু বখাটে ছেলেরা আড্ডা দেয়। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান, হাসপাতাল এলাকায় চুরির ঘটনা ঘটছে। | ১.১.সার্বিক আইন শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;<br>১.২.বাল্যবিবাহ প্রতিরোধে সকল শিক্ষার্থীদের মাধ্যমে জনসচেতনতা বৃদ্ধিতে কার্যক্রম গ্রহণ করতে হবে;<br>১.৩. জনগণের মাঝে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে উঠান বৈঠকের আয়োজন করতে হবে।<br>১.৪. শিক্ষার্থীদের মাঝে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে পাঠদানের সময় বিষয়গুলো নিয়ে আলোচনা করতে হবে।<br>১.৫. অফিসার ইন চার্জ, আগৈলঝাড়া থানা বিশেষ করে গৈলা স্বাস্থ্য কমপ্লেক্স, সরকারি গৈলা মডেল মাধ্যমিক বিদ্যালয়, আগৈলঝাড়া এস এম বালিকা মাধ্যমিক বিদ্যালয় ও আগৈলঝাড়া ভেগাই হালদার পাবলিক একাডেমির আশে-পাশে মাঝে মাঝে অভিযান পরিচালনা করার ব্যবস্থা গ্রহণ করবেন। | অফিসার-ইন-চার্জ, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, তথ্যসেবা কর্মকর্তা, শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ ও ইউপি চেয়ারম্যানবৃন্দ |

Ramani/ains

| | | | |
|---|---|---|---|
| ২. | **মাদক সংক্রান্তঃ** অফিসার ইন চার্জ সভায় জানান যে, মাদক ব্যবসায়ী ও ব্যবহারকারীদের আইনের আওতায় আনার লক্ষ্যে মাদক দ্রব্য নিয়ন্ত্রন অধিদপ্তরের অভিযান পরিচালনার বিষয়ে সভায় অভিমত ব্যক্ত করা হয়। | ২.১. গোয়েন্দা নজরদারী আরো বৃদ্ধি করে মাদক ব্যবসায়ী এবং সেবনকারীদের আইনের আওতায় আনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২.২. মাদকের হটস্পটগুলোতে অভিযান আরো জোরদার করতে হবে। | অফিসার-ইন-চার্জ ও মাদক দ্রব্য নিয়ন্ত্রর অধিদপ্তর |
| ৩. | **বাল্য বিবাহ ও শিশু নির্যাতন সংক্রান্তঃ** বাল্য বিবাহের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, নারী ও শিশু নির্যাতন বন্ধে সকলের সহযোগিতা একান্ত প্রয়োজন এবং তিনি বাল্য বিবাহ প্রতিরোধকল্পে সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ জানান। | ৩.১.বাল্য বিবাহ প্রতিরোধে ইউপি সদস্যসহ গ্রাম পুলিশদের আরো তৎপরতার সাথে কাজ করতে হবে।<br>৩.২ বাল্য বিবাহ ও শিশু নির্যাতন প্রতিরোধের লক্ষ্যে জনসচেতনতা বৃদ্ধির জন্য উঠান বৈঠকের আয়োজন করতে হবে এবং উঠান বৈঠকে ইউপি চেয়ারম্যানসহ অফিসার ইন চার্জ, আগৈলঝাড়া থানাকে উপস্থিত থাকার জন্য অবহিত করতে হবে। এছাড়া সকল শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের সচেতনতা সৃষ্টির লক্ষ্যে কাউন্সিলিংয়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ৩.১ ও ৩.২ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, তথ্য সেবা কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যানবৃন্দ, শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণ। |
| ৪. | **সড়ক ও মহাসড়কে যান চলাচল সংক্রান্তঃ**<br>সড়ক ও মহাসড়কে যত্রতত্র নির্মাণ সামগ্রী, অটোরিক্সা, ভ্যান, রিক্সা, টেম্পোসহ অন্যন্য যানবাহন পার্কিং করে বিশেষ করে আগৈলঝাড়া বাজারের সামনে ও থানা সামনের ব্রীজে এবং রাস্তার পাশে স্ব-মিলের গাছ রেখে জনগণের চলাচলে বিঘ্ন সৃষ্টির বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ৪.১. আগৈলঝাড়া হাটের সামনের সড়ক, থানার সামনের ব্রীজসহ অন্যান্য সড়ক ও মহাসড়কে যত্রতত্র নির্মাণ সামগ্রী, অটোরিক্সা, ভ্যান, রিক্সা, টেম্পোসহ অন্যান্য যানবাহন পার্কিং করে যাতে জনগণের চলাচলে বিঘ্ন সৃষ্টি না হয় সেদিকে সতর্ক দৃষ্টি রাখতে হবে।<br>৪.২.রাস্তার পাশে স্ব-মিলের গাছ অপসারণের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ অব্যাহত রাখতে হবে । | ৪.১ সহকারী কমিশনার(ভূমি), উপজেলা প্রকৌশলী, অফিসার ইন চার্জ, ইউপি চেয়ারম্যানবৃন্দ<br>৪.২. সহকারী কমিশনার(ভূমি), ফরেস্টার |
| ৫. | **শিক্ষা প্রতিষ্ঠানের নিরাপত্তা সংক্রান্তঃ**<br>শিক্ষা প্রতিষ্ঠানের নিরাপত্তা রক্ষার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে নিরাপত্তা রক্ষী রয়েছে তাদেরকে আরো বেশী তৎপর হতে হবে এবং যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে নিরাপত্তা রক্ষী নাই সে সকল প্রতিষ্ঠান প্রধানগণ নিজ উদ্যোগে নিরাপত্তার বিষয়টি নিশ্চিত করবেন। | সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ |

উপজেলার আইন শৃঙ্খলা বজায় রাখার নিমিত্ত সমাজে নেতৃত্বদানকারী, জনপ্রতিনিধি, স্থানীয় গণ্যমান্য ব্যক্তি, শিক্ষকমন্ডলী সংশ্লিষ্ট সকলকে ঐক্যবদ্ধভাবে স্ব স্ব অবস্থান থেকে দায়িত্ব পালনের অনুরোধ জানিয়ে সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

22/3/22

(মোঃ সাখাওয়াত হোসেন)
উপজেলা নির্বাহী অফিসার
আগৈলঝাড়া, বরিশাল।
ফোনঃ ০২৪৭৮৮৭১২৬৫।
E.mail: unoagailjhara@ mopa.gov.bd

Ramani/ains

স্মারক নম্বরঃ-০৫.১০.০৬০২.০০০.২৩.০০৫.১৭- ১৬৬ তারিখঃ ২২ জুন ২০২২

**সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মাননীয় সংসদ সদস্য, বরিশাল-০১, (গৌরনদী-আগৈলঝাড়া) নির্বাচনী এলাকা, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা।
২। বিভাগী কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।
৩। জেলা প্রশাসক, বরিশাল।
৪। পুলিশ সুপার, বরিশাল।
৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আগৈলঝাড়া, বরিশাল।
৬। উপজেলা.......................................................................অফিসার, আগৈলঝাড়া, বরিশাল।
৭। সভাপতি/সাধারণ সম্পাদক............................................................ আগৈলঝাড়া, বরিশাল।
৮। চেয়ারম্যান,............................................................. (সকল) ইউপি, আগৈলঝাড়া, বরিশাল।
৯। জনাব................................................................................................................ ।

২২/৬/২২

(মোঃ সাখাওয়াত হোসেন)
উপজেলা নির্বাহী অফিসার
আগৈলঝাড়া, বরিশাল।

Ramani/ains